**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

**বান্দরবান পার্বত্য জেলা পরিষদ**

**বান্দরবান**

ফোন : চেয়ারম্যানের অফিস :০৩৬১-৬২৩৬৭ (অফিস), ০৩৬১-৬২৫৪৩ (বাসা)

মুখ্য নির্বাহী কর্মকর্তার অফিস : ০৩৬১-৬২৪৮৭ (অফিস), ০৩৬১-৬২৫৬৪ (বাসা)

ফ্যাক্স : ০৩৬১-৬২৩৯১, ওয়েবসাইট : www.bhdc.gov.bd. ই-মেইল : bhdcbd@gmail.com


স্মারক নং : ২৯.৩৫.০৩০০.০০৩.১১.০৮৪.২১-১১৪৩ তাং: ১৯.০৯.২০২১ খ্রি:

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকার ১০/০৬/২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০৮৩.০১১.০৩.০১.০০৩(অংশ).২০১১.৩১২ নং স্মারকমূলে প্রদত্ত ছাড়পত্র-এ বর্ণিত শর্ত মোতাবেক বান্দরবান পার্বত্য জেলা পরিষদে হস্তান্তরিত জেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের ৩য় ও ৪র্থ শ্রেণীর নিম্নোক্ত শূন্য পদে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিক এবং বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে চাকরি আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড নম্বর | পদ সংখ্যা | বয়স | বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ |
| ০১ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড নং-১৬ | ০৩টি | ১৮-৩০ বছর | ৯,৩০০-২২,৪৯০/= | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে এইচএসসি বা সমমান পাশ কম্পিউটার অভিজ্ঞতা থাকতে হবে। খ) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক এ্যাপ্টিটিউট টেস্টে উত্তীর্ণ হতে হবে। |
| ০২ | ক্যাশিয়ার গ্রেড নং-১৬ | ০১টি | ১৮-৩০ বছর | ৯,৩০০-২২,৪৯০/= | কোন স্বীকৃত বোর্ড হইতে এইচএসসি বা সমমান পাশ। হিসাব সংরক্ষণ কাজে অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৩ | হিসাব সহকারী গ্রেড নং-১৬ | ০১টি | ১৮-৩০ বছর | ৯,৩০০-২২,৪৯০/= | কোন স্বীকৃত বোর্ড হইতে এইচএসসি বা সমমান পাশ। হিসাব সংরক্ষণ কাজে অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৪ | নলকূপ মেকানিক গ্রেড নং-১৭ | ১০টি | ১৮-৩০ বছর | ৯,০০০-২১,৮০০/= | কোন স্বীকৃত বোর্ড হইতে এসএসসি পাশ। |
| ০৫ | অফিস সহায়ক গ্রেড নং-২০ | ০৩টি | ১৮-৩০ বছর | ৮,২৫০-২০,০১০/= | অষ্টম শ্রেণী পাশ। |
| ০৬ | চৌকিদার গ্রেড নং-২০ | ০৩টি | ১৮-৩০ বছর | ৮,২৫০-২০,০১০/= | অষ্টম শ্রেণী পাশ। |

**শর্তাবলী ঃ**

১। নিম্নস্বাক্ষরকারীর বরাবরে সাদা কাগজে স্ব-হস্তে লিখিত/সরকারি চাকরি আবেদন ফরম পূরণকৃত আবেদনপত্র আগামী ২১/১০/২০২১ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন বান্দরবান পার্বত্য জেলা পরিষদ কার্যালয়ে পৌঁছাতে হবে। উক্ত তারিখের পরে সরাসরি, ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। শুধুমাত্র বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবে। বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার বজায় থাকবে।

৩। অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৪। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০২ সেপ্টেম্বর ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৫৪নং স্মারক মূলে জারিকৃত পরিপত্র মোতাবেক প্রার্থীর বয়সসীমা ২৫/০৩/২০২০ খ্রি: তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে ৩২ বছর।

৫। মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে (মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানদের সন্তান) সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদ এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক বিষয়ে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/পৌরসভা চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা কোটা, উপজাতীয় কোটা এবং অন্যান্য সকল কোটার প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

৬। অত্র নিয়োগ প্রক্রিয়ায় উপজাতীয় ও অ-উপজাতীয় স্থায়ী অধিবাসীদের বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিল সংক্রান্ত প্রচলিত সরকারী সার্কুলার অনুসরণ করা হবে।

৭। আবেদনপত্রের খামের শিরোভাগে প্রার্থিত পদের নাম, প্রযোজ্য ক্ষেত্রে কোটার নাম লাল কালিতে উল্লেখ করতে হবে।

৮। সরকারী/আধা-সরকারী প্রতিষ্ঠানসমূহে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র দাখিল করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নহে।

১০। আবেদনপত্রে স্পষ্টাক্ষরে (ক) আবেদনকারীর নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) পূর্ণাঙ্গ স্থায়ী ঠিকানা, (চ) শিক্ষাগত যোগ্যতা, (ছ) অভিজ্ঞতা (যদি থাকে), (জ) জন্ম তারিখ, (ঝ) বয়স (২৫/০৩/২০২০ খ্রি: তারিখে) (ঞ) জেন্ডার, (ট) ধর্ম (ঠ) জাতীয়তা (ড) বৈবাহিক অবস্থা ও (ঢ) মোবাইল নম্বর (ণ) জাতীয় পরিচয় পত্র নং (ত) জন্ম নিবন্ধন নং, (থ) ই-মেইল ঠিকানা (যদি থাকে) ইত্যাদি উল্লেখ করতে হবে।

১১। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি দাখিল করতে হবে।
যথা : (ক) সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ কপি রঙিন ছবি (খ) শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ সংক্রান্ত সকল সনদপত্র, (গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সম্প্রতি প্রদত্ত চারিত্রিক সনদপত্র (মূলকপি), (ঘ) পৌরসভা/ইউ.পি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, (ঙ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) (চ) কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের প্রদত্ত মুক্তিযোদ্ধা/পোষ্য/আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য/এতিম ও প্রতিবন্ধী সনদপত্র, (ছ) বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণস্বরূপ বোমাং সার্কেল চিফ/জেলা প্রশাসকের প্রদত্ত সনদপত্র, (জ) জাতীয় পরিচয়পত্র এবং (ঝ) জন্ম নিবন্ধন সনদ ইত্যাদি। ছবি এবং সকল সনদপত্র অবশ্যই ১ম শ্রেণীর গেজেটের কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। (সত্যায়নকারী কর্মকর্তার নামযুক্ত সিলমোহর থাকতে হবে)।

১২। আবেদনপত্রের সাথে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ক্রমিক নং-১-৪ পদের জন্য ৫০০ (পাঁচশত) টাকা এবং ক্রমিক নং ৫-৬ পদের জন্য ২০০/= (দুইশত) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।

১৩। আবেদনপত্র প্রাথমিকভাবে বাছাইয়ের পর যাদের আবেদনপত্র সঠিক এবং প্রাপ্ত কাগজপত্রাদি উপযুক্ত বলিয়া বিবেচিত হবে শুধুমাত্র তাদেরকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য সুযোগ দেয়া হবে।

১৪। ভূয়া তথ্য কিংবা সনদপত্র দাখিলকারী এবং ছবি ও সনদ সত্যায়নের ক্ষেত্রে কোন প্রকার জালিয়াতি করা হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**ক্য শৈ হ্লা**
**চেয়ারম্যান**
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
ও
সভাপতি
৩য় ও ৪র্থ শ্রেণী কর্মচারী নিয়োগ কমিটি
জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, বান্দরবান


ডিজি-১৮৩৬/২১ (১০″×৪)